116 In a galvanic cell, what is the charge on the cathode?

A. Positive
B. Negative
C. Neutral
D. It has no charge

গ্যালভানিক কোষে ক্যাথোডের আধান কেমন?

A. ধনাত্মক
B. ঋণাত্মক
C. নিরপেক্ষ
D. কোনো আধান থাকে না

117 Why can electrodes of sodium, potassium and calcium not be made in the usual way?

A. They are not metals
B. They do not form ions
C. They have no salts
D. They are too reactive, so an amalgam is used instead

সোডিয়াম, পটাশিয়াম ও ক্যালসিয়ামের তড়িৎদ্বার সাধারণ নিয়মে তৈরি করা যায় না কেন?

A. এরা ধাতু নয়
B. এরা আয়ন গঠন করে না
C. এদের কোনো লবণ নেই
D. এরা অত্যন্ত সক্রিয়, তাই এদের জন্য অ্যামালগাম ব্যবহার করা হয়

118 In a galvanic cell made of copper and silver, what is the total reaction?

A. $2Ag + Cu^{2+} \rightarrow 2Ag^{+} + Cu$
B. $Cu + Ag \rightarrow CuAg$
C. $Cu + 2Ag^{+} \rightarrow Cu^{2+} + 2Ag$
D. $Cu^{2+} + 2e^{-} \rightarrow Cu$

কপার ও সিলভার দিয়ে গঠিত গ্যালভানিক কোষের সামগ্রিক বিক্রিয়া কী?

A. $2Ag + Cu^{2+} \rightarrow 2Ag^{+} + Cu$
B. $Cu + Ag \rightarrow CuAg$
C. $Cu + 2Ag^{+} \rightarrow Cu^{2+} + 2Ag$
D. $Cu^{2+} + 2e^{-} \rightarrow Cu$

119 In a galvanic cell, electrodes of less reactive elements, at the lower ranks of the electrochemical series, act as:

A. The anode
B. The salt bridge
C. The electrolyte
D. The cathode

গ্যালভানিক কোষে তড়িৎ রাসায়নিক সিরিজের নিচের দিকের কম সক্রিয় মৌলের তড়িৎদ্বার কী হিসেবে কাজ করে?

A. অ্যানোড
B. লবণ সেতু
C. তড়িৎ বিশ্লেষ্য
D. ক্যাথোড

120 In a galvanic cell made of a copper and a silver electrode, which is the anode?

A. The copper electrode
B. The silver electrode
C. Both act as anode
D. Neither

কপার ও সিলভার তড়িৎদ্বার দিয়ে গঠিত গ্যালভানিক কোষে কোনটি অ্যানোড?

A. কপার তড়িৎদ্বার
B. সিলভার তড়িৎদ্বার
C. দুটিই অ্যানোড
D. কোনোটিই নয়

Chemistry and Energy — answers

1. D
2. D
3. B
4. D
5. A
6. B
7. D
8. C
9. D
10. A
11. A
12. A
13. D
14. B
15. C
16. A
17. B
18. C
19. C
20. A
21. B
22. D
23. B
24. C
25. B
26. D
27. A
28. A
29. B
30. A
31. C
32. C
33. C
34. D
35. D
36. B
37. D
38. D
39. C
40. C
41. A
42. D
43. C
44. C
45. C
46. B
47. D
48. A
49. A
50. B
51. C
52. D
53. B
54. C
55. D
56. A
57. C
58. B

59. C
60. C
61. D
62. A
63. B
64. C
65. A
66. B
67. C
68. B
69. D
70. A
71. A
72. C
73. D
74. C
75. B
76. C
77. B
78. B
79. B
80. A
81. B
82. D
83. C
84. A
85. A
86. A
87. C
88. B
89. D
90. B
91. B
92. B
93. D
94. B
95. D
96. A
97. B
98. D
99. B
100. C
101. D
102. A
103. A
104. B
105. C
106. D
107. A
108. D
109. A
110. C
111. B
112. C
113. D
114. A
115. D
116. A
117. D
118. C
119. D
120. A

1. D This inherent energy of matter is called chemical energy. We use it when we cook or drive vehicles by burning wood, coal or natural gas.
পদার্থের এই অন্তর্নিহিত শক্তিকে রাসায়নিক শক্তি বলে। কাঠ, কয়লা, প্রাকৃতিক গ্যাস পুড়িয়ে আমরা রান্না করি এবং যানবাহন চালাই।

2. D An atom remains connected to another atom because of attraction energy, the bond. The energy by which atoms are connected to each other is called chemical energy.
একটি পরমাণু আকর্ষণ শক্তি বা বন্ধনের কারণে অপর পরমাণুর সাথে যুক্ত থাকে। যে শক্তির মাধ্যমে পরমাণুগুলো পরস্পরের সাথে যুক্ত থাকে, তাকে রাসায়নিক শক্তি বলে।

3. B The energy required to break the bonds of the atoms of a compound, which is also the energy released when the bonds are formed, is called the bond energy.
বস্তু বা যৌগে বন্ধনে আবদ্ধ একটি পরমাণুর সাথে আরেকটি পরমাণু যে আকর্ষণ শক্তির মাধ্যমে যুক্ত থাকে, তাকে বন্ধন শক্তি বলে। এই বন্ধন ভাঙতে যে শক্তি লাগে, বন্ধন তৈরির সময় সেই শক্তিই নির্গত হয়।

4. D Zinc rods in zinc sulfate solution and copper rods in copper sulfate solution are used to make Daniel cells.
জিংক সালফেট লবণের দ্রবণের মধ্যে জিংক ধাতুর দণ্ড এবং কপার সালফেট লবণের দ্রবণের মধ্যে কপার ধাতুর দণ্ড ব্যবহার করে ডেনিয়েল সেল তৈরি করা হয়।

5. A Petroleum, coal, natural gas and similar fuels are called fossil fuels. Burning them gives heat energy, but also has harmful effects on the environment.
পেট্রোলিয়াম, কয়লা, প্রাকৃতিক গ্যাস এগুলোকে জীবাশ্ম জ্বালানি বলে। এগুলো পোড়ালে তাপশক্তি পাওয়া যায়, তবে পরিবেশের ক্ষতিকর প্রভাবও পড়ে।

6. B The electrode where oxidation occurs is called the anode, and the electrode where reduction occurs is the cathode.
যে তড়িৎদ্বারে জারণ বিক্রিয়া ঘটে তাকে অ্যানোড তড়িৎদ্বার আর যে তড়িৎদ্বারে বিজারণ বিক্রিয়া ঘটে তাকে ক্যাথোড তড়িৎদ্বার বলে।

7. D In a covalent compound, the energy that keeps the molecules combined with each other is called the intermolecular energy.
সমযোজী যৌগে যে শক্তির মাধ্যমে অণুগুলো পরস্পরের সাথে যুক্ত থাকে, তাকে আন্তঃআণবিক শক্তি বলে।

8. C Ionic compounds remain as solids at room temperature, whereas covalent compounds usually remain in the liquid or gaseous state.
আয়নিক যৌগ কক্ষ তাপমাত্রায় কঠিন অবস্থায় থাকে, অন্যদিকে সমযোজী যৌগ সাধারণত তরল বা গ্যাসীয় অবস্থায় থাকে।

9. D There are some exceptions like naphthalene. Even though it is a covalent compound, it remains solid at room temperature.
ন্যাপথালিনের মতো কিছু ব্যতিক্রম আছে। সমযোজী যৌগ হওয়া সত্ত্বেও এটি কক্ষ তাপমাত্রায় কঠিন অবস্থায় থাকে।

10. A In the ionic compound sodium chloride, 6 chloride ions surround a sodium ion, and each chloride ion is likewise surrounded by 6 sodium ions.
আয়নিক যৌগ সোডিয়াম ক্লোরাইডে একটি সোডিয়াম আয়নকে ৬টি ক্লোরাইড আয়ন ঘিরে থাকে, আবার প্রতিটি ক্লোরাইড আয়নকেও ৬টি সোডিয়াম আয়ন ঘিরে থাকে।

11. A In sodium chloride there is an ionic bond between a sodium ion and a chloride ion, and the attraction energy that connects them is the bond energy.
সোডিয়াম ক্লোরাইডে সোডিয়াম আয়ন ও ক্লোরাইড আয়নের মধ্যে আয়নিক বন্ধন থাকে, আর এদের যুক্ত রাখা আকর্ষণ শক্তিই বন্ধন শক্তি।

12. A ΔH = total internal energy of the products − total internal energy of the reactants.
ΔH = উৎপাদসমূহের মোট অভ্যন্তরীণ শক্তি – বিক্রিয়কসমূহের মোট অভ্যন্তরীণ শক্তি।

13. D The relation between calorie and joule is 1 cal = 4.18 J.
ক্যালরি ও জুলের মধ্যে সম্পর্ক হলো ১ cal = ৪.১৮ J।

14. B The energy required to make a reaction take place, or the energy resulting from a reaction, may have different forms like heat energy, light energy, electricity and sound.
বিক্রিয়া ঘটাতে প্রয়োজনীয় শক্তি বা বিক্রিয়া থেকে প্রাপ্ত শক্তি তাপশক্তি, আলোকশক্তি, বিদ্যুৎ, শব্দ ইত্যাদি বিভিন্ন রূপের হতে পারে।

15. C The heat applied to raise the temperature of 1 gram of water by 1 °C is called a calorie, written cal in brief.
১ গ্রাম পানির তাপমাত্রা ১°C বাড়াতে যে পরিমাণ তাপশক্তি প্রদান করতে হয় তাকে এক ক্যালরি (সংক্ষেপে cal) বলে।

16. A 1 kilocalorie is 1 thousand calories, and kilocalorie is expressed by kcal.
১ হাজার ক্যালরিকে ১ কিলো ক্যালরি বলে, যা সংক্ষেপে kcal দিয়ে প্রকাশ করা হয়।

17. B A joule is the work done by a force of one newton acting through one metre displacement, and 1 kilojoule equals 1000 joules.
এক নিউটন বল প্রয়োগে এক মিটার সরণ ঘটালে যে কাজ হয় তাকে এক জুল বলে, আর ১ কিলোজুল = ১০০০ জুল।

18. C Earlier, the calorie or kilocalorie was used. Today the international standard unit for all kinds of energy is the joule.
পূর্বে শক্তি মাপার জন্য ক্যালরি (Calorie) বা কিলো ক্যালরি একক ব্যবহার করা হতো। বর্তমানে সব ধরনের শক্তি মাপার আন্তর্জাতিক প্রমাণ একক হলো জুল।

19. C Any substance has a specific energy at a specific temperature. This energy is called internal energy.
নির্দিষ্ট তাপমাত্রায় যেকোনো পদার্থের একটি নির্দিষ্ট শক্তি থাকে। এই শক্তিকে অভ্যন্তরীণ শক্তি বলে।

20. A In exothermic reactions the total internal energy of the reactants is greater than that of the products, so ΔH is negative and heat is released.
তাপোৎপাদী বিক্রিয়ায় বিক্রিয়কসমূহের মোট অভ্যন্তরীণ শক্তি উৎপাদসমূহের মোট অভ্যন্তরীণ শক্তির চেয়ে বেশি থাকে, তাই ΔH ঋণাত্মক হয় এবং তাপ নির্গত হয়।

21. B An equation of an exothermic reaction can be written with the word heat on the right side. If written with ΔH, the value is negative.
তাপোৎপাদী বিক্রিয়ার সমীকরণের ডান পাশে তাপ শব্দটি লিখে প্রকাশ করা যায়। ΔH দিয়ে লিখলে এর মান ঋণাত্মক হয়।

22. D $CaO(s) + H_2O(l) \rightarrow Ca(OH)_2(aq) + 63.95$ kJ/mol. That is why the substance becomes hot.
$CaO(s) + H_2O(l) \rightarrow Ca(OH)_2(aq) +$ ৬৩.৯৫ kJ/mol। এজন্যই পদার্থটি গরম হয়ে ওঠে।

23. B These shells contain about 98% calcium carbonate. The heat transforms this into calcium oxide and carbon dioxide.
এসব খোলসে প্রায় ৯৮% ক্যালসিয়াম কার্বনেট থাকে। আগুনের তাপে এই ক্যালসিয়াম কার্বনেট ক্যালসিয়াম অক্সাইড ও কার্বন ডাই-অক্সাইডে পরিণত হয়।

24. C In the equation of an endothermic reaction the heat may be recorded on the left side, and if written with ΔH the value is positive.
তাপহারী বিক্রিয়ার সমীকরণে বাম পাশে তাপ লেখা যেতে পারে। ΔH দিয়ে প্রকাশ করলে এর মান ধনাত্মক হয়।

25. B The bonds between the atoms of the reactants break and new bonds form in the products. Energy is required to break bonds and is released when new bonds are formed.
বিক্রিয়ার সময় বিক্রিয়কের পরমাণুগুলোর মধ্যকার বন্ধন ভাঙে এবং উৎপাদে নতুন বন্ধন গঠিত হয়। বিক্রিয়কের বন্ধন ভাঙতে শক্তি প্রয়োজন হয় এবং উৎপাদে নতুন বন্ধন গঠনের সময় শক্তি নির্গত হয়।

26. D The value of ΔH in a chemical reaction is determined in two ways: by using internal energy and by using bond energy. Either way, the value remains the same.
কোনো রাসায়নিক বিক্রিয়ার ΔH-এর মান দুইভাবে নির্ণয় করা হয়: অভ্যন্তরীণ শক্তি ব্যবহার করে এবং বন্ধন শক্তি ব্যবহার করে। যেভাবেই হিসাব করা হোক, ΔH-এর মান একই থাকে।

27. A Energy is required to break the bonds in the reactants, and energy is released when new bonds are formed in the products.
বিক্রিয়কের বন্ধন ভাঙতে শক্তি প্রয়োজন হয় এবং উৎপাদে নতুন বন্ধন গঠনের সময় শক্তি নির্গত হয়।

28. A According to table 8.01 the bond energy of H-H is 436 kJ/mol.
সারণি ৮.০১ অনুযায়ী $H\text{-}H$ বন্ধনের বন্ধন শক্তি ৪৩৬ kJ/mol।

29. B From table 8.01, N≡N has a bond energy of 946 kJ/mol, the highest among these.
সারণি ৮.০১ অনুযায়ী $N{\equiv}N$ বন্ধনের বন্ধন শক্তি ৯৪৬ kJ/mol, যা এদের মধ্যে সর্বোচ্চ।

30. A The bond energy of O=O is 498 kJ/mol, meaning 498 kilojoules of heat is required to break it and the same amount is evolved when it forms.
O=O বন্ধনের বন্ধন শক্তি ৪৯৮ kJ/mol, অর্থাৎ এ বন্ধন ভাঙতে ৪৯৮ কিলোজুল তাপ প্রয়োজন এবং বন্ধন গঠনের সময় ততটুকুই তাপ নির্গত হয়।

31. C Chemical energy can transform into any type of energy like heat, light, electricity, sound or mechanical energy, and we put those to our use.
রাসায়নিক শক্তিকে তাপ, আলো, বিদ্যুৎ, শব্দ বা যান্ত্রিক শক্তির মতো যেকোনো ধরনের শক্তিতে রূপান্তর করে কাজে লাগানো যায়।

32. C Burning is actually letting a substance react with the oxygen of the air. We get heat and light energy from the chemical energy present in fuels.
দহন আসলে কোনো পদার্থকে বাতাসের অক্সিজেনের সাথে বিক্রিয়া করানো। জ্বালানিতে সঞ্চিত রাসায়নিক শক্তি থেকেই আমরা তাপ ও আলোকশক্তি পাই।

33. C Chemical energy is the most used of all kinds of energies on earth.
পৃথিবীতে সব ধরনের শক্তির মধ্যে রাসায়নিক শক্তিই সবচেয়ে বেশি ব্যবহৃত হয়।

34. D The heat obtained from burning wood is used for making bricks or earthen pots, and iron, steel and ceramic industries require huge amounts of heat.
কাঠ পোড়ানো থেকে পাওয়া তাপ ইট তৈরি বা মাটির পাত্র তৈরিতে ব্যবহৃত হয়, আর লোহা, ইস্পাত ও সিরামিক শিল্পে বিপুল পরিমাণ তাপ প্রয়োজন হয়।

35. D $Zn(s) + CuSO_4(aq) \rightarrow ZnSO_4(aq) + Cu(s)$. This reaction turns chemical energy into electricity.
$Zn(s) + CuSO_4(aq) \rightarrow ZnSO_4(aq) + Cu(s)$। এই বিক্রিয়া রাসায়নিক শক্তিকে বিদ্যুৎ শক্তিতে রূপান্তরিত করে।

36. B Chemical energy remains stored in the molecules and atoms of elements. When a substance reacts with another, we get that chemical energy.
রাসায়নিক শক্তি মৌলের অণু ও পরমাণুতে সঞ্চিত থাকে। একটি পদার্থ অন্য পদার্থের সাথে বিক্রিয়া করলে আমরা সেই রাসায়নিক শক্তি পাই।

37. D Coal, petroleum and natural gas are used in heat engines. The fuels are burnt to produce heat, and the heat is then turned into mechanical energy to run automobiles, ships, planes and trains.
কয়লা, পেট্রোলিয়াম, প্রাকৃতিক গ্যাস তাপ ইঞ্জিনে ব্যবহার করা হয়। দহন প্রকোষ্ঠে এসব জ্বালানি পুড়িয়ে তাপ উৎপন্ন করা হয় এবং সেই তাপকে যান্ত্রিক শক্তিতে রূপান্তর করে গাড়ি, জাহাজ, বিমান ও ট্রেন চালানো হয়।

38. D Excessive use of fossil fuels will end up their reserve, and burning them harms nature. Meticulous use keeps the reserve for the future.
অতিরিক্ত জীবাশ্ম জ্বালানি ব্যবহার করলে এদের মজুত ফুরিয়ে যাবে, আবার এগুলো পোড়ালে প্রকৃতির ক্ষতি হয়। সতর্কভাবে ব্যবহার করলে ভবিষ্যতের জন্য মজুত থাকবে।

39. C Plants use chlorophyll and sunlight to react water with carbon dioxide and produce glucose ($C_6H_{12}O_6$) and oxygen (O_2). The oxygen is released by the plants.
উদ্ভিদ ক্লোরোফিল ও সূর্যালোকের সাহায্যে পানি ও কার্বন ডাই-অক্সাইডের বিক্রিয়া ঘটিয়ে গ্লুকোজ ($C_6H_{12}O_6$) ও অক্সিজেন (O_2) উৎপন্ন করে। এই অক্সিজেন উদ্ভিদ ছেড়ে দেয়।

40. C $CO_2 + H_2O \rightarrow H_2CO_3$. Carbon dioxide reacts with rain water and produces carbonic acid, which comes down as acid rain.
$CO_2 + H_2O \rightarrow H_2CO_3$। কার্বন ডাই-অক্সাইড বৃষ্টির পানির সাথে বিক্রিয়া করে কার্বনিক এসিড উৎপন্ন করে, যা এসিড বৃষ্টি হিসেবে নেমে আসে।

41. A The bodies of both plants and animals produce fat and protein, and these also contain chemical energy. Humans and other animals consume them as food.
উদ্ভিদ ও প্রাণীর দেহে চর্বি ও প্রোটিন তৈরি হয় এবং এগুলোতেও রাসায়নিক শক্তি থাকে। মানুষ ও অন্যান্য প্রাণী এগুলো খাদ্য হিসেবে গ্রহণ করে।

42. D Plants and animals get chemical energy from carbohydrate, protein and fat. This energy turns into heat or other energy, which they use to conduct different activities, so without chemical energy life is impossible.
উদ্ভিদ ও প্রাণী শর্করা, প্রোটিন ও চর্বি থেকে রাসায়নিক শক্তি পায়। এই শক্তি তাপ বা অন্য শক্তিতে রূপান্তরিত হয়ে নানা কাজে ব্যবহৃত হয়। তাই বলা যায়, রাসায়নিক শক্তি ছাড়া প্রাণের অস্তিত্ব অসম্ভব।

43. C Acid rain causes huge damage to the environment. Plants die due to this rain, and water in water bodies turns acidic, which makes survival of fish and other living bodies tough.
এসিড বৃষ্টি পরিবেশের ব্যাপক ক্ষতি করে। এ বৃষ্টিতে গাছপালা মারা যায় এবং জলাশয়ের পানি অম্লীয় হয়ে যায়, ফলে মাছ ও অন্যান্য জীবের টিকে থাকা কঠিন হয়।

44. C Natural fuels are of crude form and contain compounds of nitrogen, sulfur and phosphorus. Burning them unrefined sends these oxides into the air, where they mix with rainwater and form acids.
প্রাকৃতিক জ্বালানি অপরিশোধিত অবস্থায় থাকে এবং এতে নাইট্রোজেন, সালফার, ফসফরাস ইত্যাদির যৌগের মিশ্রণ থাকে। পরিশোধন ছাড়া পোড়ালে এসব মৌলের অক্সাইড বাতাসে যায় এবং বৃষ্টির পানির সাথে মিশে এসিড তৈরি করে।

45. C Global warming is melting the ice of the polar region and thus increasing the sea level. Many countries including Bangladesh are at risk of being submerged.
বৈশ্বিক উষ্ণায়নে মেরু অঞ্চলের বরফ গলে সমুদ্রের পানির উচ্চতা বেড়ে যাচ্ছে। বাংলাদেশসহ অনেক দেশ তলিয়ে যাওয়ার ঝুঁকিতে আছে।

46. B Due to the high heat absorbing capacity of carbon dioxide, the temperature of the earth is increasing day by day. This is called global warming.
কার্বন ডাই-অক্সাইডের উচ্চ তাপ শোষণ ক্ষমতার কারণে পৃথিবীর তাপমাত্রা দিনে দিনে বেড়ে যাচ্ছে। একে বৈশ্বিক উষ্ণায়ন বলে।

47. D Besides carbon dioxide some other gases also contribute to the warming. It is denoted by the term greenhouse effect, and the gases responsible are known as greenhouse gases.
কার্বন ডাই-অক্সাইড ছাড়াও আরও কিছু গ্যাস বৈশ্বিক উষ্ণায়নে ভূমিকা রাখে। এই তাপমাত্রা বৃদ্ধির ঘটনাকে গ্রিনহাউস প্রভাব বলে এবং এসব গ্যাসকে গ্রিনহাউস গ্যাস বলে।

48. A The other name of ethanol is ethyl alcohol, the formula of which is CH_3-CH_2-OH.
ইথানলের অপর নাম ইথাইল অ্যালকোহল, যার সংকেত CH_3-CH_2-OH।

49. A All automobiles in the USA use fuel with 10% ethanol mixed in it, so ethanol may be a suitable substitute for fossil fuels.
যুক্তরাষ্ট্রের সব গাড়িতে ১০% ইথানল মেশানো জ্বালানি ব্যবহার করা হয়, তাই ইথানল জীবাশ্ম জ্বালানির একটি উপযুক্ত বিকল্প হতে পারে।

50. B The mechanism that helps chemical reactions to convert chemical energy into electrical energy directly, or uses electrical energy to conduct chemical reactions, is called an electrochemical cell.
যে যন্ত্রের সাহায্যে রাসায়নিক বিক্রিয়া ঘটিয়ে রাসায়নিক শক্তিকে সরাসরি বিদ্যুৎ শক্তিতে, অথবা বিদ্যুৎ শক্তি ব্যবহার করে রাসায়নিক বিক্রিয়া ঘটানো হয়, তাকে তড়িৎ রাসায়নিক কোষ বলে।

51. C The cell where electricity is driven from an outer source to carry out a chemical reaction inside the cell is called an electrolytic cell.
যে কোষে বাইরের কোনো উৎস থেকে তড়িৎ প্রবাহিত করে কোষের মধ্যে রাসায়নিক বিক্রিয়া ঘটানো যায়, সেই কোষকে তড়িৎ বিশ্লেষ্য কোষ বলে।

52. D The cell where chemical elements undergo reactions and produce electrical energy is called a galvanic cell.
যে কোষে রাসায়নিক পদার্থসমূহ বিক্রিয়া করে বিদ্যুৎ শক্তি উৎপাদন করে, সেই কোষকে গ্যালভানিক কোষ বলা হয়।

53. B The materials through which electricity can pass are called electrical conductors, for example metals, graphite, molten salt, salt solution, and acid and base solutions.
যেসব পদার্থের মধ্য দিয়ে বিদ্যুৎ চলাচল করতে পারে, তাদের তড়িৎ পরিবাহী বলে। যেমন ধাতু, গ্রাফাইট, গলিত লবণ, লবণের দ্রবণ, এসিড ও ক্ষারের দ্রবণ।

54. C Depending on the mechanism of passing of electricity, conductors are of two kinds: electronic conductors and electrolytes.
বিদ্যুৎ পরিবহনের কৌশলের উপর ভিত্তি করে পরিবাহী দুই প্রকার: ইলেকট্রনীয় পরিবাহী ও তড়িৎ বিশ্লেষ্য।

55. D The substances through which electricity is passed by means of electrons are called electronic conductors, for example iron, copper and nickel.
যেসব পদার্থের মধ্য দিয়ে ইলেকট্রনের মাধ্যমে বিদ্যুৎ পরিবাহিত হয়, তাদের ইলেকট্রনীয় পরিবাহী বলে। যেমন আয়রন, কপার, নিকেল।

56. A Metals contain metallic bonds, so they contain lots of free electrons, and graphite also contains free electrons. These substances let electricity pass through them.
ধাতুতে ধাতব বন্ধন থাকায় এদের মধ্যে প্রচুর মুক্ত ইলেকট্রন থাকে, গ্রাফাইটেও মুক্ত ইলেকট্রন থাকে। তাই এসব পদার্থের মধ্য দিয়ে বিদ্যুৎ চলাচল করতে পারে।

57. C Sodium chloride, copper sulfate and sulfuric acid are strong electrolytes. Water and ethanoic acid are weak electrolytes, ionized only to a very small extent.
সোডিয়াম ক্লোরাইড, কপার সালফেট ও সালফিউরিক এসিড সবল তড়িৎ বিশ্লেষ্য। পানি ও ইথানয়িক এসিড দুর্বল তড়িৎ বিশ্লেষ্য, যারা খুব সামান্য পরিমাণে আয়নিত হয়।

58. B Sodium chloride, copper sulfate and sulfuric acid are strong electrolytes, while water and ethanoic acid are weak electrolytes.
সোডিয়াম ক্লোরাইড, কপার সালফেট ও সালফিউরিক এসিড সবল তড়িৎ বিশ্লেষ্য, আর পানি ও ইথানয়িক এসিড দুর্বল তড়িৎ বিশ্লেষ্য।

59. C The electrolytes that remain ionized to a very little amount in the molten or solution state are called weak electrolytes. Water and ethanoic acid are of this type.
যেসব তড়িৎ বিশ্লেষ্য গলিত বা দ্রবীভূত অবস্থায় খুব সামান্য পরিমাণে আয়নিত থাকে, তাদের দুর্বল তড়িৎ বিশ্লেষ্য বলে। পানি ও ইথানয়িক এসিড এ ধরনের।

60. C Ionic compounds and some polar covalent compounds become electrolytes in their molten or solution state, for example NaCl, $CuSO_4$, H_2SO_4, H_2O and CH_3COOH.
আয়নিক যৌগ ও কিছু পোলার সমযোজী যৌগ গলিত বা দ্রবীভূত অবস্থায় তড়িৎ বিশ্লেষ্য হয়, যেমন NaCl, $CuSO_4$, H_2SO_4, H_2O ও CH_3COOH।

61. D An electrode is a metallic or non-metallic electric conductor. Electrodes are electronic conductors sunk in the solution of electrolytes.
তড়িৎদ্বার হলো ধাতব বা অধাতব তড়িৎ পরিবাহী। তড়িৎ রাসায়নিক কোষে তড়িৎ বিশ্লেষ্যের মধ্যে ডুবানো ইলেকট্রনীয় পরিবাহী দণ্ডগুলোকে তড়িৎদ্বার বলা হয়।

62. A The electrode where oxidation occurs is called the anode electrode and the electrode where reduction occurs is the cathode.
যে তড়িৎদ্বারে জারণ ঘটে তাকে অ্যানোড তড়িৎদ্বার এবং যে তড়িৎদ্বারে বিজারণ ঘটে তাকে ক্যাথোড বলে।

63. B There occurs a chemical reaction at the time of electricity passing through molten or solution of electrolytes, which is known as electrolysis.
গলিত বা দ্রবীভূত তড়িৎ বিশ্লেষ্যের মধ্য দিয়ে বিদ্যুৎ প্রবাহের সময় যে রাসায়নিক বিক্রিয়া ঘটে, তাকে তড়িৎ বিশ্লেষণ বলে।

64. C $2NaCl(l) \rightarrow 2Na(s) + Cl_2(g)$. Electricity produces chlorine gas at the anode and sodium metal at the cathode.
$2NaCl(l) \rightarrow 2Na(s) + Cl_2(g)$। তড়িৎ বিশ্লেষণে অ্যানোডে ক্লোরিন গ্যাস এবং ক্যাথোডে সোডিয়াম ধাতু উৎপন্ন হয়।

65. A The ion that is attracted by the cathode is called a cation and the ion attracted by the anode is an anion.
ক্যাথোড যে আয়নকে আকর্ষণ করে তাকে ক্যাটায়ন এবং অ্যানোড যে আয়নকে আকর্ষণ করে তাকে অ্যানায়ন বলে।

66. B In the electrolysis of pure water, anodes and cathodes of some inert metals are used, usually platinum.
বিশুদ্ধ পানির তড়িৎ বিশ্লেষণে নিষ্ক্রিয় ধাতুর অ্যানোড ও ক্যাথোড ব্যবহার করা হয়, সাধারণত প্ল্যাটিনাম।

67. C Production of important compounds, extraction of metals from ores, purification of metals, protection from decay and prevention of rust all require electrolysis.
গুরুত্বপূর্ণ যৌগ উৎপাদন, আকরিক থেকে ধাতু নিষ্কাশন, ধাতুর বিশোধন, ক্ষয়রোধ ও মরিচা প্রতিরোধ ইত্যাদি প্রক্রিয়ায় তড়িৎ বিশ্লেষণ প্রয়োজন হয়।

68. B Usually nickel, chromium and similar metals are used in electroplating, to increase brightness or to prevent degradation of a metal.
ইলেকট্রোপ্লেটিংয়ের জন্য সাধারণত নিকেল, ক্রোমিয়াম ইত্যাদি ধাতু ব্যবহার করা হয়, যা ধাতুর উজ্জ্বলতা বাড়াতে বা ক্ষয়রোধ করতে কাজে লাগে।

69. D Chlorine gas produced from the electrolysis of sea water is used as an anti-parasite agent, and sodium hydroxide is used as a raw material in different industries.
সমুদ্রের পানির তড়িৎ বিশ্লেষণে উৎপন্ন ক্লোরিন গ্যাস জীবাণুনাশক হিসেবে ব্যবহৃত হয়, আর সোডিয়াম হাইড্রক্সাইড বিভিন্ন শিল্পে কাঁচামাল হিসেবে ব্যবহৃত হয়।

70. A The cell was invented by John Frederick Daniell in 1836 and is named after him.
জন ফ্রেডরিক ডেনিয়েল ১৮৩৬ সালে এ কোষটি প্রথম আবিষ্কার করেন। তাঁর সম্মানেই এ কোষকে ডেনিয়েল কোষ বলা হয়।

71. A In a galvanic cell the more reactive metal electrode is used as the anode and the less reactive metal electrode is the cathode.
গ্যালভানিক কোষে অধিক সক্রিয় ধাতুর তড়িৎদ্বারকে অ্যানোড এবং কম সক্রিয় ধাতুর তড়িৎদ্বারকে ক্যাথোড হিসেবে ব্যবহার করা হয়।

72. C A U-shaped salt bridge is created between the two electrolytic solutions. The U-shaped glass tube contains KCl salt solution.
দুটি তড়িৎ বিশ্লেষ্যের দ্রবণের মধ্যে U আকৃতির লবণ সেতু স্থাপন করা হয়। এই U আকৃতির কাচনলে KCl লবণের দ্রবণ থাকে।

73. D The U-shaped glass tube of the salt bridge contains KCl salt solution.
লবণ সেতুর U আকৃতির কাচনলে KCl লবণের দ্রবণ থাকে।

74. C Electrons from the anode enter the cathode through the connecting wire, meaning a flow of electricity occurred. A bulb connected at the middle of the wire lights up.
অ্যানোডের ইলেকট্রন সংযোগকারী তার দিয়ে ক্যাথোডে প্রবেশ করে, অর্থাৎ এখানে বিদ্যুৎ প্রবাহ ঘটে। তারের মাঝখানে যুক্ত বাল্বটি জ্বলে ওঠে।

75. B Electricity production mechanisms like a battery use galvanic cells, while producing substances, electroplating and metal purification involve electrolytic cells.
ব্যাটারির মতো বিদ্যুৎ উৎপাদন ব্যবস্থায় গ্যালভানিক কোষ ব্যবহৃত হয়, আর পদার্থ উৎপাদন, ইলেকট্রোপ্লেটিং ও ধাতুর বিশোধনে তড়িৎ বিশ্লেষ্য কোষ ব্যবহৃত হয়।

76. C The written expression of such an electrode is the metal name followed by its ion with a vertical line in between, so a zinc electrode in $ZnSO_4$ is written $Zn|Zn^{2+}$.
এরূপ তড়িৎদ্বার লেখার নিয়ম হলো ধাতুর নামের পর একটি খাড়া রেখা দিয়ে তার আয়ন লেখা। তাই $ZnSO_4$ দ্রবণে ডুবানো জিংক তড়িৎদ্বারকে $Zn|Zn^{2+}$ লেখা হয়।

77. B An amalgam is a mixture of mercury and active metals, used to make electrodes of very reactive metals.
অ্যামালগাম হলো পারদ ও সক্রিয় ধাতুর মিশ্রণ, যা অতি সক্রিয় ধাতুর তড়িৎদ্বার তৈরিতে ব্যবহৃত হয়।

78. B Batteries such as dry cells and lead-storage batteries use various metals and metallic ions, which are harmful to health and the environment.
শুষ্ক কোষ ও লেড-স্টোরেজ ব্যাটারির মতো ব্যাটারিতে বিভিন্ন ধাতু ও ধাতব আয়ন ব্যবহৃত হয়, যা স্বাস্থ্য ও পরিবেশের জন্য ক্ষতিকর।

79. B The attraction energy between the ions of an ionic compound is stronger than the intermolecular energy present between covalent molecules, so more heat is needed to melt or boil them.
আয়নিক যৌগের আয়নগুলোর মধ্যকার আকর্ষণ শক্তি সমযোজী অণুর মধ্যকার আন্তঃআণবিক শক্তির চেয়ে বেশি। এজন্য আয়নিক যৌগ গলাতে বা ফোটাতে বেশি তাপ প্রয়োজন হয়।

80. A The intermolecular energy in a covalent compound consisting of atoms of two elements (HCl) is greater than that in a covalent compound consisting of atoms of the same element (H_2).
দুটি ভিন্ন মৌলের পরমাণু দিয়ে গঠিত সমযোজী যৌগের (HCl) আন্তঃআণবিক শক্তি একই মৌলের পরমাণু দিয়ে গঠিত সমযোজী যৌগের (H_2) আন্তঃআণবিক শক্তির চেয়ে বেশি।

81. B ΔH = energy of products − energy of reactants = 80 − 70 = +10 kJ/mol. Heat is absorbed, so the reaction is endothermic.
ΔH = উৎপাদসমূহের মোট অভ্যন্তরীণ শক্তি − বিক্রিয়কসমূহের মোট অভ্যন্তরীণ শক্তি = ৮০ − ৭০ = +১০ kJ/mol। তাপ শোষিত হয়, তাই বিক্রিয়াটি তাপহারী।

82. D ΔH = 20 − 50 = −30 kJ/mol. Since the value is negative, heat is released and the reaction is exothermic.
ΔH = ২০ − ৫০ = -৩০ kJ/mol। মান ঋণাত্মক হওয়ায় তাপ নির্গত হয়, অর্থাৎ বিক্রিয়াটি তাপোৎপাদী।

83. C $CH_4(g) + 2O_2(g) \rightarrow CO_2(g) + 2H_2O(g) + 890$ kJ/mol, so $\Delta H = -890$ kJ/mol.
$CH_4(g) + 2O_2(g) \rightarrow CO_2(g) + 2H_2O(g) + ৮৯০$ kJ/mol, অর্থাৎ $\Delta H = -৮৯০$ kJ/mol।

84. A $CaO(s) + H_2O(l) \rightarrow Ca(OH)_2(aq)$; $\Delta H = -63.95$ kJ/mol, which is why the mixture heats up.
$CaO(s) + H_2O(l) \rightarrow Ca(OH)_2(aq)$; $\Delta H = -৬৩.৯৫$ kJ/mol, এজন্যই মিশ্রণটি গরম হয়।

85. A $CaCO_3(s) \rightarrow CaO(s) + CO_2(g)$; $\Delta H = +176.8$ kJ/mol, which makes it an endothermic reaction.
$CaCO_3(s) \rightarrow CaO(s) + CO_2(g)$; $\Delta H = +১৭৬.৮$ kJ/mol, তাই এটি একটি তাপহারী বিক্রিয়া।

86. A If bond energy is used, ΔH is calculated by subtracting the total bond energy of the products from the total bond energy of the reactants.
বন্ধন শক্তি ব্যবহার করলে ΔH = বিক্রিয়কসমূহের মোট বন্ধন শক্তি − উৎপাদসমূহের মোট বন্ধন শক্তি।

87. C 1 mole of C-H and 1 mole of Cl-Cl bonds break, so 414 + 244 = 658 kJ.
১ মোল C-H ও ১ মোল Cl-Cl বন্ধন ভাঙে, তাই ৪১৪ + ২৪৪ = ৬৫৮ kJ।

88. B In exothermic reactions the value of B_1 is less than B_2, so ΔH is negative. In endothermic reactions B_1 is greater than B_2, so ΔH is positive.
তাপোৎপাদী বিক্রিয়ায় B_1-এর মান B_2-এর চেয়ে কম, তাই ΔH ঋণাত্মক হয়। তাপহারী বিক্রিয়ায় B_1 বেশি হয়, তাই ΔH ধনাত্মক হয়।

89. D $\Delta H = 658 - 757 = -99$ kJ. Since the value is negative, the reaction is exothermic and evolves 99 kJ/mol of heat.
$\Delta H = ৬৫৮ - ৭৫৭ = -৯৯$ kJ। মান ঋণাত্মক হওয়ায় বিক্রিয়াটি তাপোৎপাদী এবং এতে ৯৯ kJ/mol তাপ নির্গত হয়।

90. B The sunlight that participates in photosynthesis remains in the plant in the form of chemical energy.
সালোকসংশ্লেষণে অংশগ্রহণকারী সূর্যালোক রাসায়নিক শক্তি রূপে উদ্ভিদের মধ্যে থেকে যায়।

91. B Burning fossil fuels produces 21.3 billion tons of carbon dioxide every year. It is a greenhouse gas, so the world is getting warmer.
জীবাশ্ম জ্বালানি পোড়ানোর ফলে প্রতি বছর ২১.৩ বিলিয়ন টন কার্বন ডাই-অক্সাইড উৎপন্ন হয়। এটি একটি গ্রিনহাউস গ্যাস, তাই পৃথিবী দিন দিন উষ্ণ হচ্ছে।

92. B If we burn fuels in insufficient air, carbon monoxide is produced alongside carbon dioxide, which is a harmful gas and dangerous for health.
অপর্যাপ্ত বাতাসে জ্বালানি পোড়ালে কার্বন ডাই-অক্সাইডের পাশাপাশি কার্বন মনোক্সাইড উৎপন্ন হয়, যা একটি ক্ষতিকর গ্যাস এবং স্বাস্থ্যের জন্য বিপজ্জনক।

93. D $2SO_3 + 2H_2O \rightarrow 2H_2SO_4$. First $2SO_2 + O_2 \rightarrow 2SO_3$, and then the sulfur trioxide reacts with water to give sulfuric acid.
$2SO_3 + 2H_2O \rightarrow 2H_2SO_4$। প্রথমে $2SO_2 + O_2 \rightarrow 2SO_3$ ঘটে, এরপর সালফার ট্রাই-অক্সাইড পানির সাথে বিক্রিয়া করে সালফিউরিক এসিড দেয়।

94. B $4NO_2 + 2H_2O + O_2 \rightarrow 4HNO_3$, which comes down to earth as acid rain.
$4NO_2 + 2H_2O + O_2 \rightarrow 4HNO_3$, যা বৃষ্টির সাথে এসিড বৃষ্টি হিসেবে মাটিতে নেমে আসে।

95. D The smoke of automobiles consists of carbon monoxide, nitrous oxide and unused methane. In the presence of sunlight these react to create various poisonous gases, known as photochemical smog.
গাড়ির ধোঁয়ায় কার্বন মনোক্সাইড, নাইট্রাস অক্সাইড ও অদগ্ধ মিথেন থাকে। সূর্যালোকের উপস্থিতিতে এরা বিক্রিয়া করে বিভিন্ন বিষাক্ত গ্যাস তৈরি করে, যাদের ফটোকেমিক্যাল ধোঁয়া বলে।

96. A As carbon dioxide is a heavy gas it remains below the atmosphere. It does not undergo reactions with other elements of the atmosphere, but it has a high heat absorbing capacity.
কার্বন ডাই-অক্সাইড ভারী গ্যাস হওয়ায় এটি বায়ুমণ্ডলের নিচের দিকে থেকে যায়। এটি বায়ুমণ্ডলের অন্য উপাদানের সাথে বিক্রিয়াও করে না, কিন্তু এর তাপ শোষণ ক্ষমতা অনেক বেশি।

97. B Electrolytes let electricity pass in their melted and solution state but not in the solid state, and they simultaneously bring about a chemical change. They remain ionized and use the ions to conduct electricity.
যেসব পদার্থ কঠিন অবস্থায় বিদ্যুৎ পরিবহণ করে না কিন্তু গলিত বা দ্রবীভূত অবস্থায় করে এবং সেই সাথে পদার্থের রাসায়নিক পরিবর্তন ঘটায়, তাদের তড়িৎ বিশ্লেষ্য পদার্থ বলে। এরা আয়নিত হয়ে আয়নের মাধ্যমে বিদ্যুৎ পরিবহন করে।

98. D Na^+ accepts an electron from the cathode and becomes metallic sodium, which is the reduction at the cathode.
Na^+ ক্যাথোড থেকে ইলেকট্রন গ্রহণ করে ধাতব সোডিয়ামে পরিণত হয়, এটিই ক্যাথোডের বিজারণ বিক্রিয়া।

99. B $Cl_2 + H_2O \rightarrow HCl + HOCl$. Since chlorine gas and water react to produce two acids, the blue litmus turns red, which proves the presence of chlorine gas.
$Cl_2 + H_2O \rightarrow HCl + HOCl$। ক্লোরিন গ্যাস ও পানি বিক্রিয়া করে দুটি এসিড উৎপন্ন করে বলে নীল লিটমাস লাল হয়ে যায়, যা ক্লোরিন গ্যাসের উপস্থিতি প্রমাণ করে।

100. C The difference from molten sodium chloride is that the solution contains H^+ and OH^- ions too, as water is partially ionized.
গলিত সোডিয়াম ক্লোরাইডের সাথে পার্থক্য হলো, দ্রবণে H^+ ও OH^- আয়নও থাকে, কারণ এখানে পানি আংশিকভাবে আয়নিত হয়।

101. D Na^+ and H^+ both go towards the cathode, but the H^+ ion is more prone to accept electrons than Na^+. So H^+ accepts an electron and becomes an H atom, and two H atoms join to make H_2.
Na^+ ও H^+ উভয়েই ক্যাথোডের দিকে যায়, কিন্তু Na^+ আয়ন অপেক্ষা H^+ আয়নের ইলেকট্রন গ্রহণের প্রবণতা বেশি। তাই H^+ ইলেকট্রন গ্রহণ করে H পরমাণু হয় এবং দুটি H পরমাণু মিলে H_2 অণু গঠন করে।

102. A Although OH^- is more prone to donate an electron, the molarity of Cl^- in the solution is higher, so Cl^- donates electrons at the anode earlier.
OH^- আয়নের ইলেকট্রন ত্যাগের প্রবণতা বেশি হলেও দ্রবণে Cl^- আয়নের মোলারিটি অনেক বেশি থাকে, তাই Cl^- আয়নই অ্যানোডে আগে ইলেকট্রন ত্যাগ করে।

103. A When there is more than one cation or anion in the solution, the effect of molarity is a more important factor than the tendency to discharge.
দ্রবণে একাধিক ক্যাটায়ন ও অ্যানায়ন থাকলে ডিসচার্জ হওয়ার প্রবণতার চেয়ে মোলারিটির প্রভাব বেশি গুরুত্বপূর্ণ বিষয় হয়ে দাঁড়ায়।

104. B The molarity of Cl^- in 0.1 molar NaCl is 0.1 molar, while ionizing water gives OH^- a molarity of 10^{-7} molar. So the molarity of Cl^- is about 10^6 times larger.
০.১ মোলার $NaCl$ দ্রবণে Cl^- আয়নের মোলারিটি ০.১ মোলার, অন্যদিকে পানির আয়নায়নে OH^- আয়নের মোলারিটি ১০^{-7} মোলার। অর্থাৎ Cl^--এর মোলারিটি প্রায় ১০^6 গুণ বেশি।

105. C Sometimes the kind of electrode causes an exception. With a platinum electrode H^+ discharges and produces H_2 gas, but if mercury is used as the cathode, the Na^+ ion discharges first.
কখনো কখনো তড়িৎদ্বারের প্রকৃতি ব্যতিক্রম ঘটায়। প্ল্যাটিনাম তড়িৎদ্বার ব্যবহার করলে H^+ ডিসচার্জ হয়ে H_2 গ্যাস দেয়, কিন্তু পারদকে ক্যাথোড হিসেবে ব্যবহার করলে Na^+ আয়ন আগে ডিসচার্জ হয়।

106. D Water hardly gets ionized, so pure water acts like a non-conductor. To increase the conductivity of water, some drops of sulfuric acid are necessary.
পানি খুব কমই আয়নিত হয়, তাই বিশুদ্ধ পানি প্রায় অপরিবাহীর মতো আচরণ করে। পানির পরিবাহিতা বাড়ানোর জন্য কয়েক ফোঁটা সালফিউরিক এসিড প্রয়োজন হয়।

107. A Cathode: $4H^+ + 4e^- \rightarrow 2H_2$ (reduction). Anode: $4OH^- \rightarrow O_2 + 2H_2O + 4e^-$ (oxidation). So hydrogen forms at the cathode and oxygen at the anode.
ক্যাথোড: $4H^+ + 4e^- \rightarrow 2H_2$ (বিজারণ)। অ্যানোড: $4OH^- \rightarrow O_2 + 2H_2O + 4e^-$ (জারণ)। অর্থাৎ ক্যাথোডে হাইড্রোজেন ও অ্যানোডে অক্সিজেন উৎপন্ন হয়।

108. D $Al_2O_3 \rightarrow 2Al^{3+} + 3O^{2-}$. At the cathode $2Al^{3+} + 6e^- \rightarrow 2Al$, so aluminium metal is produced there, while oxygen gas forms at the anode.
$Al_2O_3 \rightarrow 2Al^{3+} + 3O^{2-}$। ক্যাথোডে $2Al^{3+} + 6e^- \rightarrow 2Al$ ঘটে, তাই সেখানে অ্যালুমিনিয়াম ধাতু উৎপন্ন হয়, আর অ্যানোডে অক্সিজেন গ্যাস পাওয়া যায়।

109. A The impure metal electrode is connected to the positive edge and a pure electrode of the same metal to the negative edge. The pure electrode thickens while the impure one decays.
অবিশুদ্ধ ধাতুর তড়িৎদ্বারকে ব্যাটারির ধনাত্মক প্রান্তে এবং একই ধাতুর বিশুদ্ধ তড়িৎদ্বারকে ঋণাত্মক প্রান্তে যুক্ত করা হয়। ফলে বিশুদ্ধ তড়িৎদ্বার পুরু হয় এবং অবিশুদ্ধটি ক্ষয় হয়।

110. C Iron rusts and decays when it comes in contact with water vapour and air. A nickel, chromium or silver coating prevents air and water vapour from coming into direct contact with the iron.
পানি ও বাতাসের সংস্পর্শে এলে লোহায় মরিচা পড়ে ও ক্ষয় হয়। নিকেল, ক্রোমিয়াম বা সিলভারের প্রলেপ বাতাস ও জলীয় বাষ্পকে লোহার সরাসরি সংস্পর্শে আসতে বাধা দেয়।

111. B In a galvanic cell an electrode made of a particular metal must be placed in a solution of a salt of the same metal, so that ions of that metal are present in the electrolyte.
গ্যালভানিক কোষে কোনো নির্দিষ্ট ধাতুর তড়িৎদ্বারকে সেই ধাতুরই লবণের দ্রবণে রাখতে হয়, যেন তড়িৎ বিশ্লেষ্যে ওই ধাতুর আয়ন উপস্থিত থাকে।

112. C A zinc atom donates two electrons to the zinc electrode and turns into Zn^{2+}, which is an oxidation reaction, so the zinc electrode is the anode.
জিংক পরমাণু জিংক তড়িৎদ্বারে দুটি ইলেকট্রন দান করে Zn^{2+} আয়নে পরিণত হয়। এটি জারণ বিক্রিয়া, তাই জিংক তড়িৎদ্বারটি অ্যানোড।

113. D The Cu^{2+} ion from the $CuSO_4$ solution accepts the electrons and turns into metallic copper. Since this is reduction, the copper electrode is the cathode.
$CuSO_4$ দ্রবণের Cu^{2+} আয়ন তড়িৎদ্বার থেকে ইলেকট্রন গ্রহণ করে ধাতব কপারে পরিণত হয়। এটি বিজারণ বিক্রিয়া, তাই কপার তড়িৎদ্বারটি ক্যাথোড।

114. A Adding the two half reactions gives $Zn + Cu^{2+} \rightarrow Zn^{2+} + Cu$, which is a redox reaction.
দুটি অর্ধবিক্রিয়া যোগ করলে পাওয়া যায় $Zn + Cu^{2+} \rightarrow Zn^{2+} + Cu$, যা একটি জারণ-বিজারণ বিক্রিয়া।

115. D In an electrolytic cell the anode is positively charged and the cathode is negatively charged. In a galvanic cell it is the opposite.
তড়িৎ বিশ্লেষ্য কোষে অ্যানোড ধনাত্মক আধানবিশিষ্ট এবং ক্যাথোড ঋণাত্মক আধানবিশিষ্ট হয়। গ্যালভানিক কোষে এর বিপরীত ঘটে।

116. A In a galvanic cell the anode is negatively charged and the cathode is positively charged, which is the reverse of an electrolytic cell.
গ্যালভানিক কোষে অ্যানোড ঋণাত্মক আধানবিশিষ্ট এবং ক্যাথোড ধনাত্মক আধানবিশিষ্ট হয়, যা তড়িৎ বিশ্লেষ্য কোষের ঠিক বিপরীত।

117. D Electrodes of more reactive metals such as sodium, potassium and calcium cannot be produced in this manner. In such cases amalgam, a mixture of mercury and active metals, is commonly used.
সোডিয়াম, পটাশিয়াম, ক্যালসিয়ামের মতো অধিক সক্রিয় ধাতুর তড়িৎদ্বার এ পদ্ধতিতে তৈরি করা যায় না। এক্ষেত্রে সাধারণত অ্যামালগাম ব্যবহার করা হয়, যা পারদ ও সক্রিয় ধাতুর মিশ্রণ।

118. C Copper donates electrons at the anode ($Cu \rightarrow Cu^{2+} + 2e^-$) and silver ions accept them at the cathode ($2Ag^+ + 2e^- \rightarrow 2Ag$), so the total is $Cu + 2Ag^+ \rightarrow Cu^{2+} + 2Ag$.
অ্যানোডে কপার ইলেকট্রন দান করে ($Cu \rightarrow Cu^{2+} + 2e^-$) এবং ক্যাথোডে সিলভার আয়ন তা গ্রহণ করে ($2Ag^+ + 2e^- \rightarrow 2Ag$)। তাই সামগ্রিক বিক্রিয়া $Cu + 2Ag^+ \rightarrow Cu^{2+} + 2Ag$।

119. D Electrodes made of less reactive elements situated at the lower ranks of the electrochemical series constitute a cathode, while the more reactive elements of the upper ranks constitute the anode.
তড়িৎ রাসায়নিক সিরিজের নিচের দিকে অবস্থিত কম সক্রিয় মৌলের তড়িৎদ্বার ক্যাথোড হিসেবে এবং উপরের দিকের অধিক সক্রিয় মৌলের তড়িৎদ্বার অ্যানোড হিসেবে কাজ করে।

120. A Of any two elements in the electrochemical series, the higher ranked electrode is the anode. Copper is higher ranked than silver, so the copper electrode is the anode.
তড়িৎ রাসায়নিক সিরিজের যেকোনো দুটি মৌলের মধ্যে উপরের দিকের মৌলটি অ্যানোড হয়। সিরিজে কপার সিলভারের উপরে, তাই কপার তড়িৎদ্বারটিই অ্যানোড।